# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

**সংবাদ গতিধারা**

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২৩৩/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার, ২৯ মে ২০১৮, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনা বিকাশের আহ্বান
শিল্পকলা পদক বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। মন্ত্রিসভার বৈঠকে বিএসটিআই ও জাতীয় পাটনীতি-২০১৮ আইনের খসড়া অনুমোদন

৩। ডি-লিট ডিগ্রি প্রাপ্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মন্ত্রিসভার অভিনন্দন

৪। পেশাজীবীদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার

৫। বাজেট পাসের পরদিন থেকেই অর্থ ব্যয় করা যাবে : অর্থমন্ত্রী

৬। এবারের ঈদযাত্রা আরও স্বস্তিদায়ক হবে : সেতুমন্ত্রী

৭। সংবেদনশীল খবর প্রকাশে বস্তুনিষ্ঠ হোন : কর্মশালায় তথ্যমন্ত্রী

৮। উন্নয়নে ভূমিকা রাখবে সমন্বিত কারিগরি শিক্ষা : স্কিলস্-২১ প্রকল্প উদ্বোধনে শিক্ষামন্ত্রী

৯। আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ

১০। বিআরটিসির অগ্রিম টিকিট বিক্রি ৫ জুন থেকে

চলমান পাতা-২

**১। অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনা বিকাশের আহ্বান**
**শিল্পকলা পদক বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, সাংস্কৃতিক কর্মকাণ্ড আগামী প্রজন্মকে আধুনিক, সংস্কৃতিমনা ও সৃষ্টিশীল হিসেবে গড়ে তুলতে সহায়ক হবে। সে জন্য সাম্প্রদায়িকতা, মাদক, সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ থেকে তরুণ প্রজন্মকে দূরে রাখতে মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনা বিকাশের ওপর সবাইকে মনোনিবেশ করতে হবে। রাষ্ট্রপতি গতকাল (২৮ মে সোমবার) বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে শিল্পকলা পদক-২০১৭ প্রদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.৩, ক. ৬)।

**২। মন্ত্রিসভার বৈঠকে বিএসটিআই ও জাতীয় পাটনীতি-২০১৮ আইনের খসড়া অনুমোদন**

বিভিন্ন অপরাধের শাস্তির মেয়াদ বাড়িয়ে 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮' এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (২৮ মে সোমবার) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এছাড়া বৈঠকে 'জাতীয় পাটনীতি-২০১৮' এর খসড়ার অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৩। ডি-লিট ডিগ্রি প্রাপ্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মন্ত্রিসভার অভিনন্দন**

ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলের কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডক্টর অভ্ লিটারেচার প্রদান করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। গতকাল (২৮ মে সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অভিনন্দন জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৫,ক.১)।

**৪। পেশাজীবীদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৮ মে সোমবার) তাঁর সরকারি বাসভবন গণভবনে বিভিন্ন পেশাজীবীদের সম্মানে এক ইফতার মাহফিলের আয়োজন করেন। ইফতার মাহফিলে বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং শিক্ষকবৃন্দ, বিভিণ্ন গণমাধ্যমের সম্পাদক এবং সিনিয়র সাংবাদিক, চিকিৎসক, প্রকৌশলী, আইনজীবী, ব্যবসায়ী, লেখক, কবি, সাহিত্যিক, বুদ্ধিজীবী, গায়ক, ক্রীড়া ব্যক্তিত্ব অংশগ্রহণ করেন। ইফতারের আগে প্রধানমন্ত্রী ইফতার মাহফিলে আগত অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। এ সময় দেশ, জাতি এবং মুসলিম উম্মাহর অব্যাহত শান্তি ও অগ্রগতি কামনা করে মোনাজাত অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৫। বাজেট পাসের পরদিন থেকেই অর্থ ব্যয় করা যাবে : অর্থমন্ত্রী**

বাজেট বাস্তবায়ন সরকারের জন্য চ্যালেঞ্জ উল্লেখ করে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাজেট পাশ হওয়ার পরদিন থেকেই খাতভিত্তিক বরাদ্দের অর্থ ব্যয় করা যাবে। সরকারের উন্নয়ন প্রকল্পে পরিচালক নিয়োগ-সংক্রান্ত জটিলতা ও প্রকল্পের ধীরগতি দুঃখজনক বলে মন্তব্য করেছেন তিনি। গতকাল (২৮ মে সোমবার) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ স্টাডি ট্রাস্ট আয়োজিত 'স্বপ্ন পূরণের বাজেট' শীর্ষক প্রাক-বাজেট আলোচনায় এ কথা বলেন অর্থমন্ত্রী। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

৬। **এবারের ঈদযাত্রা আরও স্বস্তিদায়ক হবে : সেতুমন্ত্রী**

গতবারের চেয়ে এবারের ঈদযাত্রা আরও স্বস্তিদায়ক হবে জানিয়ে সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এবারের ঈদযাত্রা স্বস্তিদায়ক করতে মন্ত্রণালয় সজাগ রয়েছে। বৃষ্টিজনিত ক্ষতিগ্রস্ত সড়ক মেরামতে দেওয়া হয়েছে প্রয়োজনীয় নির্দেশনা। অতিবৃষ্টিতে যান চলাচলে ধীরগতি হলেও যানজট হবে না। আমাদের প্রচেষ্টা অবিরত, অব্যাহত। এ নিয়ে কোনো ধরনের বিভ্রান্তিকর তথ্য প্রচার করে সড়ক সম্পর্কে কোনরূপ আতঙ্ক সৃষ্টি না করতে জনস্বার্থে সকলের প্রতি অনুরোধ জানান তিনি। গতকাল (২৮ মে সোমবার) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে একটি পোস্টে এ আহ্বান জানান তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

৭। **সংবেদনশীল খবর প্রকাশে বস্তুনিষ্ঠ হোন : কর্মশালায় তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, কোনো সংঘাতের ঘটনা বা সংবেদনশীল সংবাদ পরিবেশনে বস্তুনিষ্ঠতা বজায় রাখা ও উস্কানি পরিহার করে শান্তির লক্ষ্যে কাজ করাই গণমাধ্যমের দায়িত্ব। আন্তর্জাতিক গণমাধ্যম প্রতিষ্ঠান 'ইন্টারনিউজ'-এর সহায়তায় বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও অ্যান্ড কমিউনিকেশনের (বিএনএনআরসি) আয়োজনে দিনব্যাপী 'কনফ্লিক্ট সেনসিটিভ জার্নালিজম' শীর্ষক কর্মশালার সমাপনীতে তিনি একথা বলেন। গত ২৭ মে রোববার রাজধানীর ফার্মগেটে ডেইলি স্টার মিলনায়তনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

৮। **উন্নয়নে ভূমিকা রাখবে সমন্বিত কারিগরি শিক্ষা : স্কিলস্-২১ প্রকল্প উদ্বোধনে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে একটি কার্যকর কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ ব্যবস্থা বাংলাদেশের বিভিন্ন আর্থসামাজিক চ্যালেঞ্জ মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সমন্বিত ও সুষম কারিগরি শিক্ষা ব্যবস্থা এ দেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রে রূপান্তরে সহায়তা করবে। শিক্ষামন্ত্রী গতকাল (২৮ মে সোমবার) ঢাকায় হোটেল র‍্যাডিসনে 'স্কিলস্-২১ : এম্পাওয়ারিং সিটিজেনস্ ফর ইনক্লুসিভ অ্যান্ড সাসটেইনেবল গ্রোথ' প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **প্রথম আলো** (পৃ.৫,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক. ৬)।

৯। **আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ**

আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ (২৯ মে মঙ্গলবার) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত অবস্থায় জীবন উৎসর্গকারী শান্তিরক্ষীদের স্মরণে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে দিবসটি। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণকারী বিশ্বের সব দেশের শান্তিরক্ষীদের অসামান্য অবদানকে এদিন গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। সকল চ্যালেঞ্জ মোকাবিলা করে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে নিযুক্ত বাংলাদেশের শান্তিরক্ষীগণ সফলতার স্বাক্ষর রেখে চলেছেন। আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

১০। **বিআরটিসির অগ্রিম টিকিট বিক্রি ৫ জুন থেকে**

ঈদুল ফিতর উপলক্ষে রাষ্ট্রয়ত্ত পরিবহণ সংস্থা সড়ক পরিবহণ করপোরেশন (বিআরটিসি) বাসের অগ্রিম টিকিট বিক্রয় করা হবে আগামী ৫ জুন থেকে। এবার সারাদেশে প্রায় সাড়ে ৮০০ বাস ঈদ স্পেশাল সার্ভিসে চলাচল করবে। আগামী ১৩ জুন থেকে ঈদ স্পেশাল সার্ভিস পরিচালিত হবে বলে সংস্থাটির সূত্র জানায়। গতকাল (২৮ মে সোমবার) মতিঝিল বিআরটিসি ভবনে ঈদ ব্যবস্থাপনা নিয়ে এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে অনুমোদিত প্রকল্পটির সফল বাস্তবায়ন কামনা।

খ. **জনকণ্ঠ :** বাংলাদেশ এন্ডোক্রাইন সোসাইটি পরিবেশিত এক তথ্যে দেশে প্রায় ৫ কোটি মানুষ থাইরয়েড সমস্যায় আক্রান্ত উল্লেখ করে প্রতিটি ব্র্যান্ডের লবণের মধ্যে যাতে আয়োডিন থাকে তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** সিলেট সিটি করপোরেশন এলাকায় ৯৬৭ কিলোমিটার নালা-নর্দমার মধ্যে ৫০০ কিলোমিটার এখনো উন্মুক্ত থাকার কথা উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** রাজধানীসহ সারাদেশে ভয়াবহ লোডশেডিং দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে বিদ্যুতের ভোগান্তি দূর করতে জরুরিভিত্তিতে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **বণিক বার্তা, সংবাদ :** নকল ওষুধ তৈরির দায়ে লাইসেন্স বাতিল করা হয়েছে এমন প্রতিষ্ঠানগুলো নকল ওষুধ উৎপাদন ও বিপণন অব্যাহত রেখেছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **এশিয়ান এজ :** পরিবেশের জীববৈচিত্র্য রক্ষায় বনভূমি সংরক্ষণের ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** দেশে সন্তান প্রসবের ক্ষেত্রে সিজারিয়ান অপারেশন উদ্বেগজনকভাবে বাড়ার কথা উল্লেখ করে এ ধরনের পরিস্থিতির জন্য দায়ী হাসপাতালগুলোর ব্যাপারে ব্যবস্থা নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রমজানে পণ্যমূল্য সহনীয় রাখতে সংশ্লিষ্টদের যথাযথভাবে উদ্যোগ নিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘শ্রম আইন এবং শ্রমিকের জীবনমান উন্নয়ন’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য নিরসনের জন্য শিল্পোন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধির কোনো বিকল্প নেই।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা